5 MAY 2017

সংবাদ



উল্লসিত ভিকারুননিসা নূন স্কুলের শিক্ষার্থীরা

—সংবাদ

# এসএসসি পরীক্ষার ফল
# কমেছে পাসের হার জিপিএ-৫

**● কমলো শতভাগ উত্তীর্ণ প্রতিষ্ঠান ● বাড়লো শূন্য পাস প্রতিষ্ঠান**

নিজস্ব বার্তা পরিবেশক

এসএসসি ও সমমানের পরীক্ষায় এবার গড় পাসের হার ও জিপিএ-৫ উভয় সূচকেই ফল খারাপ হয়েছে। এক বছরের ব্যবধানে পাসের হার কমেছে ৭ দশমিক ৯৪ শতাংশ। গত বছরের তুলনায় এবার জিপিএ-৫ কমেছে মোট পাঁচ হাজার। শতভাগ উত্তীর্ণ প্রতিষ্ঠানের সংখ্যাও কমেছে। বেড়েছে শূন্য পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা।

এবার ১০টি শিক্ষা বোর্ডে এসএসসি ও সমমানের পরীক্ষায় পাস করেছে ৮০ দশমিক ৩৫ শতাংশ শিক্ষার্থী, গত বছর যা ছিল ৮৮ দশমিক ২৯ শতাংশ। গত বছরের চেয়ে এবার পাসের হার কমেছে ৭ দশমিক ৯৪ শতাংশ। আটটি সাধারণ এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডে এবার জিপিএ-৫ (গ্রেড পয়েন্ট এভারেজ) পেয়েছে এক লাখ চার হাজার ৭৬১ জন, ২০১৬ সালে যা পেয়েছিল এক লাখ ৯ হাজার ৭৬১ জন। অর্থাৎ এক বছরে জিপিএ-৫ কম পেয়েছে পাঁচ হাজার শিক্ষার্থী।

১০টি শিক্ষা বোর্ডের অধীনে মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় মোট ২৮ হাজার ৩৫৯টি প্রতিষ্ঠান থেকে এবার অংশ নিয়েছিল মোট ১৭ লাখ ৮১ হাজার ৯৬২ জন শিক্ষার্থী, ২০১৬ সালে যা ছিল ১৬ লাখ ৪৫ হাজার ২০১ জন। এ বছর পরীক্ষার্থী বেড়েছে এক লাখ ৩৬ হাজার ৭৬১ জন। এই পরীক্ষায় এবার মোট উত্তীর্ণ হয়েছে ১৪ লাখ ৩১ হাজার ৭২২ জন, গত বছর পাস করেছিল ১৪ লাখ ৫২ হাজার ৬০৫ জন। অর্থাৎ এবার ২০ হাজার ৮৮৩ জন শিক্ষার্থী কম উত্তীর্ণ হয়েছে।

এদিকে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের মধ্যে কুমিল্লা এবং মাদ্রাসা বোর্ড গড় পাসের হার ও জিপিএ-৫ দুই সূচকেই বাজে ফল করেছে। ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ১৪ লাখ ২২ হাজার ৩৭৯ জন শিক্ষার্থী, ২০১৬ সালে যা ছিল ১৩ লাখ ২৮৪ জন। এর মধ্যে এবার উত্তীর্ণ হয়েছে ১১ লাখ ৫৫ হাজার ৬৮ জন এবং গত বছর পাস করেছিল ১১ লাখ ৫৩ হাজার ৩৬৩ জন। আট বোর্ডে গড় পাসের ৮১ দশমিক ২১ শতাংশ, যা গত বছর ছিল ৮৮ দশমিক ৭০ শতাংশ। এসএসসিতে পাসের হার কমেছে ৭ দশমিক ৪৯ শতাংশ। সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষায়

কমেছে : পৃষ্ঠা : ১৫ ক : ১

### এক নজরে দশ বোর্ডের ফল

| বোর্ড | পাসের হার | জিপিএ-৫ |
|---|---|---|
| [illegible] | [illegible] | [illegible] |
| রাজশাহী | ৯০.৭০ | ১৭,৩৪৯ |
| কুমিল্লা | ৫৯.০৩ | ৪,৪৫০ |
| যশোর | ৮০.০৪ | ৬,৪৬০ |
| চট্টগ্রাম | ৮৩.৯৯ | ৮,৩৪৪ |
| বরিশাল | ৭৭.২৪ | ২,২৮৮ |
| সিলেট | ৮০.২৬ | ২,৬৬৩ |
| দিনাজপুর | ৮৩.৯৮ | ৬,৯২৯ |
| মাদ্রাসা | ৭৬.২০ | ২,৬১০ |
| কারিগরি | [illegible] | [illegible] |